

AKUI KAMALABALA WOMEN'S COLLEGE

Estd.- 2016

(Affiliated to Bankura University)

Vill.+ P.O.- Akui, P.S.- Indas, Dist.- Bankura, Pin-722201

Website: akuiwomenscollege.org • E-mail: akw.college@gmail.com • Ph-9474918607




Ref. No. :

Date.

Title of Paper	Author Name	Name of Journal	ISSN No.	Year of Publication
Lokogane Indas : Muslim Biyer Geet (Indas in folk songs: Muslim wedding songs)	Dr.Sk Nazrul Islam	Lok Utsa	2321-7340	2019

Cover page of the Journal



Nandini Maity
16.4.2019

Co-ordinator
I.Q.A.C.

Akui Kamalabala Women's College
Akui, Bankura, W.B.

16.04.2019

Principal
Akui Kamalabala Women's College
Akui, Bankura

লোকগানে ইন্দাস: মুসলিম বিয়ের গীত

ড. শেখ নজরুল ইসলাম

বাংলা লোকগানের ধারায় মুসলিম সমাজের বিয়ের গান অন্যতম। লোকসাহিত্যে হাতহাসে এই গানগুলি অমূল্য সম্পদ নিঃসন্দেহে। সুদীর্ঘকাল ধরে এই বিয়ের ও উক্ত সমাজের ধারক হিগাবেও গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে। বিশেষত অন্দরমহলে মেয়েদের চাওয়া-পাওয়া, আশা-আকাঙ্ক্ষা, সুখ-দুঃখ, হাসি-কান্না, প্রেম-ভালোবাসা নারীজীবনের এই সব আবেগ-অনুভূতির সার্থক রূপায়ণ ঘটেছে এই সমস্ত বিয়ে গানে। সুতরাং মুসলিম সম্প্রদায়ের মধ্যে প্রচলিত অন্যান্য গানের (কাওয়ালি, ফকি গান ইত্যাদি) মতোই বিয়ের গানও স্বাভাবিক ধারা সৃষ্টি করেছে।

মুসলিম সমাজের এই বিয়ের গান মূলত নারী কেন্দ্রিক। নারীরাই এর গীতিকার সুরকার এবং শিল্পী, আবার সেই সঙ্গে শ্রোতাও। তাই খুব স্বাভাবিক ভাবেই এই গানের মধ্যে নারীদের জীবনচর্চার বিষয়ই মুখ্য ভাবে ফুটে উঠেছে। এখানে আর নারীদের রক্ত হৃদয়ের নিদারণ আলেখ্য। কখনো তা সহজ সরল ভাবে, আবার কখনো রঙ্গ-বঙ্গের মাধ্যমে। মুসলিম সমাজের বিবাহ নামক ধর্মীয়-সামাজিক অনুষ্ঠানের সঙ্গে এই বিয়ের গানগুলি ওতপ্রোতভাবে জড়িত। ফলে বিবাহের না আচারের সঙ্গে গানগুলি একধরনের পারস্পর্যগত যোগ লক্ষ করা যায়। মুসলিম সমাজে বিবাহের বিভিন্ন পর্যায় আছে, যেমন - লগন ধরা, গায়ে হলুদ, টেকি মঙ্গল ক্ষীর খাওয়ানি, মিলন পড়ানো ইত্যাদি। এই সমস্ত আচারের সময় গানগুলি প্রধানত গাওয়া হয় চিত্তবিনোদনের জন্য।

অবশ্য স্থানভেদে বিয়ের এই সমস্ত আচারের রীতি বা নামকরণের মধ্যে তারতম্য আছে। কোথাও বিয়ের অনুষ্ঠানের সূচি বেশ দীর্ঘ - কয়েকদিন ধরে চলে। আবার কোথাও বিয়ের আগের দুদিন বা একদিন থেকে অনুষ্ঠান শুরু হয়। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় এই বিয়ের গানের চল আছে। জেলাভিত্তিক গানের ভিন্নতাও স্পষ্ট। আবার কিছু কিছু গান বিভিন্ন জেলায় অভিন্ন, কোনটা বা অল্প পরিবর্তিত। একই জেলায় অঞ্চল ভেদেও গানের ভিন্নতা আছে। ক্ষেত্রসমীক্ষায় আমি ঝাঁকুড়া জেলার ইন্দাস থানার মুসলিম বিয়ের গানের কয়েকটি সংগ্রহ এখানে উল্লেখ করবো। স্থানীয় ভাষায় এগুলিকে 'বিয়ের গীত' বলা হয়। গানগুলি বিয়ের সময়ের নানা আচারকে কেন্দ্র করে বাধা হয়েছে। যেমন নীচের গানটিতে 'লগন ধরা' আচার উঠে এসেছে -

বাগ হারা বাগিচা হারা আর হারা সে তারা -
ফুল বাগিচার ভিতর দিয়ে কার বা লগন যায় রে।
লগন যাবার সাথে সাথে ঝলকে উঠে তারা,

লোক-উৎস, তৃতীয় সংখ্যা # 176

Nandini Majumdar
16.4.2024

Co-ordinator
I.Q.A.C.
Akul Kamalabala Women's College
Akul, Bankura, W.B.

16.04.2024
Principal
Akul Kamalabala Women's College
Akul, Bankura